# West Bengal Legislative Assembly

(১৩তম অধিবেশন)

## ২৬শে জুন ২০১৯

----

**[কৃষি - প্রাণী সম্পদ বিকাশ - সংশোধন প্রশাসন - উচ্চ শিক্ষা - পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন - পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক - বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উত্স - পূর্ত - নগরোন্নয়ন ও পৌর বিষয়ক যুবকল্যাণ ও ক্রীড়া ].**

- 15

----

### বেআইনী জলাভূমি ভরাট

***23** **অসিত মিত্র (আমতা, হাওড়া):**

**নগরোন্নয়ন ও পৌর বিষয়ক :-**

(ক) এটা কি সত্যি যে, কলকাতা পুরনিগমের নিয়ন্ত্রণাধীন এবং ব্যক্তিগত নিয়ন্ত্রণাধীন বেশ কিছু জলাভূমি বেআইনীভাবে ভরাট করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এর প্রতিরোধে কলকাতা পুরনিগম কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করবে?

----

### এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে রাজ্যের সাফল্য

***24** **গীতা রানী ভূঞ্যা (সবং, পশ্চিম মেদিনীপুর):**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন :-**

(ক) এটা কি সত্যি যে, এম.জি.এন.র.ই.জি.এ. প্রকল্পে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে সবচাইতে বেশি অর্থ খরচ করেছে ও সবচাইতে বেশি শ্রমদিবস তৈরি করেছে; এবং

(খ) সত্যি হলে,

(১) ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের স্থান অর্থ খরচের নিরিখে কত এবং উক্ত অর্থের পরিমাণ কত; ও

(২) শ্রমদিবস তৈরির নিরিখে পশ্চিমবঙ্গের স্থান কত ও শ্রমদিবস সৃষ্টির সংখ্যা কত?

----

## রাজ্যে বিদ্যুৎ মাসুল

***25 সুজন চক্রবর্তী (যাদবপুর, দক্ষিণ ২৪ পরগণা):**

**বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উত্স :-**

(ক) ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে রাজ্যে ইউনিট প্রতি বিদ্যুৎ-এর মূল্য কত;

(খ) রাজ্যে বিদ্যুৎ-এর ডিস্ট্রিবিউশন লস কত শতাংশ; এবং

(গ) বিদ্যুৎ উৎপাদন-এর জন্য ব্যবহার্য্য কতগুলি কোল ব্লক রাজ্যের হাতে আছে?

----

## তারকেশ্বর ও দক্ষিণেশ্বর মন্দির সংলগ্ন এলাকায় উন্নয়ন

***26 জ্যোতির্ময় কর (পটাশপুর, পূর্ব মেদিনীপুর):**

**নগরোন্নয়ন ও পৌর বিষয়ক :-**

(ক) এটা কি সত্যি যে, সরকার তারকেশ্বর ও দক্ষিণেশ্বরের মন্দির সংলগ্ন এলাকায় উন্নয়নের উদ্যোগ নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, তারকেশ্বর এবং দক্ষিণেশ্বরে কত টাকা ব্যয়ে কী কী কাজ হয়েছে?

----

## বর্ধমান জেলায় কৃষি বিকাশে গৃহীত ব্যবস্থা

***27 রুনু দত্ত (রানিগঞ্জ, বর্ধমান):**

**কৃষি**

বর্ধমান জেলার পশ্চিমাঞ্চলে ভূ-প্রকৃতি অনুসারে কৃষিক্ষেত্রের বিকাশে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাগুলি কীরূপ?

----

## ডিম ও মাংস উৎপাদনের ঘটতি পূরণে উদ্যোগ

***28 সমীর কুমার জানা (পাথরপ্রতিমা, দক্ষিণ ২৪ পরগণা):**

**প্রাণী সম্পদ বিকাশ :-**

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ডিম ও মাংস উৎপাদনের ঘটতি পূরণে বিশেষ উদ্যোগ নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, গ্রামাঞ্চলে পোল্ট্রি ফার্মিং বৃদ্ধিতে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

----

## দক্ষিণেশ্বরে রানী রাসমণির মূর্তি স্থাপন

***29 মানস মুখার্জী (কামারহাটি, উত্তর ২৪ পরগণা):**

**নগরোন্নয়ন ও পৌর বিষয়ক :-**

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণেশ্বর ভবতারিণী মন্দিরের প্রবেশপথে পৌরসভার উদ্যানে রানী রাসমণির মূর্তি স্থাপিত হয়েছে;

(খ) সত্যি হলে, একাজ কি পৌরসভার মাধ্যমে হয়েছে; এবং

(গ) এই উদ্যান সম্পর্কে আরও কোনো পরিকল্পনা আছে কি?

----

## রাজ্যের ধানের উৎপাদন ও চাহিদা

***30 নার্গিস বেগম (মেমারি, বর্ধমান):**

**কৃষি :-**

(ক) রাজ্যে বর্তমানে ধানের চাহিদা কত; এবং

(খ) ২০১১-১২ ও ২০১৮-১৯ আর্থিক বর্ষে মোট ধান উৎপাদনের পরিমাণ কত?

----

## এস.এস.কে. ও এম.এস.কে. বিদ্যালয়গুলিকে শিক্ষাদপ্তরের অন্তর্ভুক্তিকরণ

***31 রফিকুল ইসলাম (হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর):**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন :-**

(ক) রাজ্যের এস.এস.কে. বিদ্যালয়গুলিকে প্রাথমিক শিক্ষা পর্ষদ-এর এবং এম.এস.কে. বিদ্যালয়গুলিকে মাধ্যমিক শিক্ষা পর্ষদ-এর আওতাভুক্ত করার কোনো উদ্যোগ সরকার গ্রহণ করেছে কি;

(খ) হলে, রাজ্যের কতগুলি এম.এস.কে. আছে এবং ওইগুলিতে ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত; এবং

(গ) রাজ্যে এস.এস.কে-এর সংখ্যা এবং ওইগুলিতে কতজন ছাত্র/ছাত্রী ও শিক্ষক/শিক্ষিকা আছেন?

----

## কলকাতা পৌরনিগম এলাকায় বিপজ্জনক বাড়ি

***32 বঙ্কিম চন্দ্র হাজরা (সাগর, দক্ষিণ ২৪ পরগণা):**

**নগরোন্নয়ন ও পৌর বিষয়ক :-**

(ক) ৩১শে মার্চ, ২০১৯ সাপেক্ষে কলকাতা পৌরনিগম এলাকায় মোট কতগুলি বাড়ি বিপজ্জনক অবস্থায় রয়েছে; এবং

(খ) উক্ত সংস্থা এ ব্যাপারে কী কী পদক্ষেপ নিয়েছে?

----

## রাজ্যে পশু চিকিৎসকের সংখ্যা

***33 প্রদীপ কুমার সাহা (পূর্বস্থলী উত্তর, বর্ধমান):**

**প্রাণী সম্পদ বিকাশ :-**

(ক) ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে রাজ্যে সরকারি পশু সিকিৎসকের সংখ্যা কত ও ২০১০-১১ সালে তার সংখ্যা কত ছিল;

(খ)

(১) শেষ কত সালে পশু চিকিৎসক নিয়োগ করা হয়েছিল ও

(২) বর্তমানে শূন্যপদের সংখ্যা কত; এবং

(গ) হরিণঘাটা দুগ্ধ উৎপাদন কেন্দ্রে বর্তমানে কী পরিমাণ দুধ উৎপাদন হচ্ছে ও বিভিন্ন জাতের কতগুলি গরু আছে?

----

## চালু বিশ্ববিদ্যালয়ের সংখ্যা

***34 জয়ন্ত নষ্কর (গোসাবা (এস সি), দক্ষিণ ২৪ পরগণা):**

**উচ্চ শিক্ষা :-**

(ক) ৩১শে মার্চ, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি বিশ্ববিদ্যালয়ে পঠন-পাঠন চালু রয়েছে; এবং

(খ) তন্মধ্যে, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কত?

----

## মাড়গ্রাম ও তারাপীঠকে পৌরসভা করার পরিকল্পনা

***35 মিলটন রশিদ (হাঁসন, বীরভূম):**

**নগরোন্নয়ন ও পৌর বিষয়ক :-**

(ক) হাঁসন বিধানসভা কেন্দ্রের মাড়গ্রাম ও তারাপীঠকে পৌরসভা করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে?

----

## ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধে কলকাতা পৌরসভার ব্যয়-বরাদ্দ

***36 আব্দুল খালেক মোল্লা (মেটিয়াবুরুজ, দক্ষিণ ২৪ পরগণা):**

**নগরোন্নয়ন ও পৌর বিষয়ক**

৩০শে এপ্রিল, ২০১৯ সাপেক্ষে কলকাতা পৌরসভা এলাকায় ম্যালেরিয়া ও ডেঙ্গু রোগ প্রতিরোধে মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে?

----

**এস.এস.কে.-এর সহায়ক-সহায়িকা ও এম.এস.কে.-এর সম্প্রসারক-সম্প্রসারিকাদের ন্যূনতম বেতন**

***37 নর্মদা চন্দ্র রয় (কুশমন্ডি (এস সি), দক্ষিণ দিনাজপুর):**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন**

রাজ্যের এস.এস.কে.-এর সহায়ক-সহায়িকা এবং এম.এস.কে-এর সম্প্রসারক-সম্প্রসারিকাদের ন্যূনতম ১৮ হাজার টাকা বেতন দেওয়ার বিষয়ে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

----